

শুগান্থ

প্রিন্ট: ১৩ আগস্ট ২০২৫, ১০:৫৭ এএম

শিক্ষাজ্ঞন

ইবিতে নবীনবরণ, রংগিং নিয়ে কঠোর অবস্থানে প্রশাসন



ইবি প্রতিনিধি

প্রকাশ: ১১ আগস্ট ২০২৫, ১০:৩০ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের প্রথম বর্ষের ক্লাশ শুরু হয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের বিভাগগুলো নিজস্ব আয়োজনে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেয়।

প্রথম দিনেই শিক্ষার্থীদের দেওয়া হয়েছে একাডেমিক ক্যালেন্ডার।

এদিকে বিশ্ববিদ্যালয়কে র্যাগিংমুক্ত রাখতে কঠোর অবস্থানে রয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ইতোমধ্যে মাইকিং করে র্যাগিংবিরোধী প্রচার প্রচারণা চালিয়েছেন তারা।

নবীনদের র্যাগিংয়ে জড়িতদের বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী সর্বোচ্চ শাস্তি দেওয়া হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক ড. শাহিনুজ্জামান।

তিনি বলেন, আমরা র্যাগিং নিয়ে ইতোমধ্যে কাজ শুরু করেছি। তিন দিন ধরে আমরা র্যাগিং সচেতনতায় মাইকিং করছি। এছাড়া বিভাগগুলোতে কাউন্সিলর নিয়োগ, হল ও বিভাগে সচেতনতামূলক আলোচনা সভা এবং পোস্টার লাগানো হবে। কোনো র্যাগিংয়ের ঘটনা ঘটলে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ সর্বোচ্চ ব্যবস্থা নেব।

এদিকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ৮টি অনুষদের অধীনে ৩৬টি বিভাগে মোট ২ হাজার ৪৪৭টি আসনের মধ্যে ২ হাজার ৪০৪ শিক্ষার্থী চূড়ান্ত ভর্তি সম্পন্ন করেছেন। এছাড়া ফাঁকা ৪৩টি আসনের বিষয়ে বিশ্ববিদ্যালয় টেকনিক্যাল কমিটির মিটিংয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান একাডেমিক শাখার উপ-রেজিস্ট্রার শহীদুল ইসলাম।

